গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২৩' পালন উপলক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি চূড়ান্তকরণের নিমিত্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	জনাব নাজমুল আহসান সচিব
সভার তারিখ	২৫ জুলাই ২০২৩খ্রি.
সভার সময়	বেলা ১২.০০ টায়
স্থান	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। সভায় গত বছরে জাতীয় শোক দিবস পালনে এ মন্ত্রণালয়ের গৃহীত কর্মসূচি সম্পর্কে অবহিত করা হয়। পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী এবং মাননীয় উপমন্ত্রী জাতীয় শোক দিবস পালনের বিষয়ে এবং বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে বঙ্গবন্ধুর অবদান সম্পর্কে নূতন প্রজন্মকে অবহিতকরণের জন্য সকল কর্মকর্তা/কর্মচারী-কে নির্দেশনা প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করেন। মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণীর আলোকে এ বছরের কর্মসূচি নিয়ে সভায় অংশগ্রহণকারী পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থার প্রতিনিধিগণ বিস্তারিত আলোচনা করেন।

০২। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :-

ক্র: নং	তারিখ ও সময়	জাতীয় শোক দিবসের কর্মসূচি	বাস্তবায়নকারী
১.	০১ লা আগস্ট থেকে মাসব্যাপী	জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ১লা আগস্ট হতে মাসব্যাপী মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল অধিদপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী কর্তৃক কালো ব্যাজ ধারণ।	প্রশাসন-৩, পাসম ও সকল সংস্থা।
২.	১৫ ই আগস্ট সূর্যোদয়ের সাথে সাথে	জাতীয় শোক দিবসে মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থায় এবং মাঠ পর্যায়ের সকল অফিসে জাতীয় পতাকা অর্ধনিমিত রাখা।	প্রশাসন-৩, পাসম ও সকল সংস্থা।
৩.	১৫ ই আগস্ট সকাল ১০.০০ টা	ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে ব্যানারসহ উপস্থিতি এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পানি সম্পদ মন্ত্রণালয় ও সকল সংস্থা কর্তৃক পুষ্পস্তবক অর্পণ।	পাসম ও সকল সংস্থা।
৪.	১৫ ই আগস্ট সকাল ১০.৩০ টা	পানি ভবনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও মোনাজাত।	পাসম, মহাপরিচালক, বাপাউবো ও সকল সংস্থা।

৫.	১৭ ই আগস্ট সকাল ১১.০০ টা	জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের গ্রীন রোডস্থ পানি ভবনের সম্মেলন কক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের উপর আলোচনা সভা এবং দোয়া অনুষ্ঠান।	পাসম, মহাপরিচালক বাপাউবো ও সকল সংস্থা
৬.	১৫ ই আগস্ট বাদ যোহর/ সুবিধাজনক সময়ে	১৫ই আগস্ট জাতীয় শোক দিবসে মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/সংস্থা এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের সকল দপ্তরের মসজিদে বাদ যোহর বিশেষ মোনাজাত ও মন্দির/অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনার আয়োজন।	সকল সংস্থা
৭.	১৫ ই আগস্ট সুবিধাজনক সময়ে	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আবাসিক এলাকায় অবস্থিত বিদ্যালয়সমূহের ছাত্রছাত্রীদের অংশগ্রহণে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন (প্রযোজ্য ক্ষেত্রে)।	মহাপরিচালক বাপাউবো ও সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী।
৮.	১৫ ই আগস্ট নির্ধারিত সময়ে	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও অন্যান্য সংস্থার আওতাধীন মাঠ পর্যায়ের সকল অফিসসমূহ সংশ্লিষ্ট জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে এবং শোক র‍্যালিতে নিজ নিজ ব্যানারসহ আবশ্যিকভাবে অংশগ্রহণ।	সকল সংস্থা
৯.	আগস্ট মাসব্যাপী	জাতীয় শোক দিবস উপলক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থাসমূহের সকল স্থাপনায় ও রাজধানীর বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের ব্যানার/ড্রপডাউন ব্যানার প্রদর্শন।	পাসম, বাপাউবো ও সকল সংস্থা
১০.	আগস্ট মাসব্যাপী	জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ঢাকা থেকে টুঙ্গিপাড়া পর্যন্ত মহাসড়কের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে বড় আকারের ব্যানার প্রদর্শন।	প্রধান প্রকৌশলী ফরিদপুর, বাপাউবো।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

জনাব নাজমুল আহসান
সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩২.২৩.০৬৯.১৯.৪৬৫

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩০
৩০ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, প্রশাসন/উন্নয়ন, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) পানি সম্পদ মন্ত্রণালয়ের সকল সংস্থা প্রধান
৩) নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, মহাখালী, ঢাকা।
৪) নির্বাহী পরিচালক, সিইজিআইএস, গুলশান, ঢাকা।
৫) ..... (সকল অধিশাখা/শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬) প্রধান প্রকৌশলী, মনিটরিং, বাপাউবো, ঢাকা।
৭) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
৮) প্রধান প্রকৌশলী, বাপাউবো, ফরিদপুর।
৯) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১২) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৩) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
১৪) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১৫) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়



প্রশান্ত কুমার দাস
উপসচিব